



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

‘বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি কার্যক্রমে সফটওয়্যারের ব্যবহার’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত  
বিশ্ববিদ্যালয় প্রশাসন অটোমেশন প্রক্রিয়া বাস্তবায়নের লক্ষ্যে কাজ করছে  
– উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ১৫ জানুয়ারি ২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসিওরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে আজ ‘বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি কার্যক্রমে সফটওয়্যারের ব্যবহার’ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সকাল সাড়ে দশটায় প্রধান অতিথি হিসেবে এ কর্মশালা উদ্বোধনকালে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান বলেন, সময়ের বাস্তবতার পাশাপাশি শিক্ষার্থীদের দাবি বিশ্ববিদ্যালয় অটোমেশন করা হোক। বিশ্ববিদ্যালয় প্রশাসন অটোমেশন প্রক্রিয়া বাস্তবায়নের লক্ষ্যে কাজ করছে। তিনি বলেন, ভর্তি পরীক্ষা কার্যক্রমে সফটওয়্যারের ব্যবহার অটোমেশন প্রক্রিয়া বাস্তবায়নের সূচনা। উপাচার্য বলেন, যে কোনো কাজে দক্ষতা অর্জন খুব জরুরি এবং এক্ষেত্রে প্রশিক্ষণের কোনো বিকল্প নেই। প্রশিক্ষণ কর্মশালার সফলতা প্রত্যাশা করে উপাচার্য বলেন, অটোমেশন করা সম্ভব হলে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা উপকৃত হবে। অটোমেশনে সেবা দিতে সময় কম লাগবে পাশাপাশি পরিশ্রমও কমে আসবে। এতে প্রশাসন ও শিক্ষার্থী উভয়ই উপকৃত হবে। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সোহেল আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আবদুর রব। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি’র পরিচালক অধ্যাপক ড. মো. সোহেল রানা। কর্মশালায় স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণির অনলাইন ভর্তি কার্যক্রম বিষয়ে বক্তব্য প্রদান করেন ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা) সৈয়দ মোহাম্মদ আলী রেজা এবং এমফিল ও পিএইচডি প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রম বিষয়ে বক্তব্য প্রদান করেন ডেপুটি রেজিস্ট্রার লুৎফুর রহমান আরিফ। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ নঈম আজিজ আনসারী, অধ্যাপক ড. শামীম আল মামুন প্রমুখ উপস্থিত ছিলেন।

ড. মোহাম্মদ মহিউদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)